2

দৈনিক ইনকিলাব

তারিখ ... OCT. 1 8 1999
পৃঃ 24 কলাম 7

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে ভর্তি

ইসলামী বিশ্ববিদ্যালয় অত্যন্ত নিরিবিলি পরিবেশে শান্তিডাঙ্গায় অবস্থিত এ বিশ্ববিদ্যালয়টি। বিশ্ববিদ্যালয় মানেই তীব্র প্রতিযোগিতার মাধ্যমে ভর্তি। অন্যান্য বিশ্ববিদ্যালয়ের মত ইসলামী বিশ্ববিদ্যালয়েও দারুণ প্রতিদ্বন্দ্বিতা হয়। তাই ব্যাপক প্রস্তুতি প্রয়োজন। প্রস্তুতির পাশাপাশি ভর্তির কোটা, যোগ্যতা, প্রশ্নের ধরন সম্পর্কে সম্যক ধারণা দেয়া হল– ৬টি অনুষদের জন্য ১৮টি বিষয়ে প্রতি বছর কমপক্ষে ১ হাজার ৬০টি আসন পূরণের জন্য প্রার্থীদের নেয়া হয়। যারা ১৯৯৮ ও ১৯৯৯ সালের উচ্চ মাধ্যমিক, আলিম, ডিপ্লোমা-ইন-কর্মাস ও একমাত্র ১৯৯৯ সালের ফাজিল পরীক্ষায় উত্তীর্ণ তারা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

মানবিক ও সমাজ বিজ্ঞান অনুষদ, বিবিএ অনুষদ এবং আইন শরীয়াহ অনুষদভুক্ত বিভাগসমূহে আবেদন করতে হলে এসএসসি ও এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগসহ বিজ্ঞান বিভাগ ও ডিপ্লোমা-ইন-কমার্সের জন্য ১১০০ নম্বর এবং মানবিক ও বাণিজ্য বিভাগের/শাখার জন্য ১১০০ নম্বর থাকতে হবে। আবার ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি অনুষদভুক্ত বিভাগসমূহে আবেদনের জন্য এসএসসি ও এইচএসসি বা সমমান উভয় পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগসহ ১১০০ নম্বর থাকতে হবে।

ধর্মতত্ত্ব ও ইসলামী শিক্ষা অনুষদ : আল কোরআন এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের আসন সংখ্যা ৭০। এ বিভাগের জন্য লিখিত পরীক্ষার থাকবে ১৫০ নম্বর। এতে ইসলামিক স্টাডিজ অথবা আরবী বিষয়ে ৫০ নম্বর, সাধারণ জ্ঞান ৫০ এবং কোরআন, হাদীস, বাংলা, ইংরেজী ৫০ নম্বরের মানে ভর্তি পরীক্ষা হবে। অনুরূপ দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ এবং আল হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ একই রকম।

মানবিক ও সমাজ বিজ্ঞান অনুষদের মধ্যে অর্থনীতিতে ৭০টি আসন থাকবে। অর্থনীতি বিভাগে ভর্তির জন্য বাংলা ৫০, ইংরেজী ৫০ এবং সাধারণ জ্ঞান ৫০ নম্বরের মোট ১৫০ নম্বরের ভর্তি পরীক্ষা হবে। রাষ্ট্রনীতি ও লোকপ্রশাসন বিভাগে মোট ৭০টি আসনের জন্য অর্থনীতির মত একই নিয়মে ভর্তি পরীক্ষা হবে।

ইংরেজী ভাষা ও সাহিত্য বিভাগের জন্য মোট ১০০টি আসনে লিখিত পরীক্ষায় বাংলা ও সাধারণ জ্ঞান ৫০ এবং ইংরেজী ১০০ নম্বরের মধ্যে অনুষ্ঠিত হবে। বাংলা সাহিত্য বিভাগ, এ বিভাগের নির্ধারিত আসন সংখ্যা কমপক্ষে ৭০টি। এ বিভাগে ভর্তি পরীক্ষায় বাংলা ১০০ আর ইংরেজী ও সাধারণ জ্ঞান ৫০ মোট ১৫০ নম্বরের পরীক্ষা হবে। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, এখানেও সাধারণ জ্ঞানে ৫০ মোট ১৫০ নম্বরের থাকবে। আরবী ভাষা ও সাহিত্য অনুরূপ।

আইন ও শরীয়াহ অনুষদ : এ অনুষদে শুধুমাত্র আইন ও মুসলিম বিধান বিভাগের জন্য আসন সংখ্যা ৭০টি। ১৫০ নম্বরের লিখিত পরীক্ষায় বাংলা ৫০, ইংরেজী ৫০, সাধারণ জ্ঞান ৫০ থাকবে।

বিবিএ অনুষদ : ব্যবস্থাপনা-এর ৭০টি আসনের জন্য ভর্তি পরীক্ষায় মোট ১৫০ নম্বরের মধ্যে বুদ্ধিমত্তা ৫০ হিসাববিজ্ঞান, গণিত, অর্থনীতি ৫০ এবং ইংরেজী ৫০ নম্বর থাকবে। অপরদিকে হিসাববিজ্ঞানের ভর্তি পরীক্ষাও ব্যবস্থাপনার মতই হবে।

ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি অনুষদ : ইলেক্ট্রনিক্স ও ফলিত পদার্থ বিজ্ঞান বিভাগে ৪০টি আসনের জন্য লিখিত ভর্তি পরীক্ষায় ১৫০ নম্বরের মধ্যে পদার্থ ৫০, গণিত ৫০, রসায়ন ২৫, বাংলা, ইংরেজী ও সাধারণ জ্ঞান ২৫ থাকবে। কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি বিভাগ হুবহু ইলেক্ট্রনিক্স ও ফলিত পদার্থ বিজ্ঞানের ন্যায়।

ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তি বিভাগের ৪০টি আসনের জন্য লিখিত পরীক্ষা হবে ১৫০ নম্বরের। এর মধ্যে রসায়ন ৭৫, পদার্থ ২৫ গণিত ২৫ ও ইংরেজী ২৫ নম্বরের পরীক্ষা হবে। ইনফরমেশন সায়েন্স এন্ড টেকনোলজি বিভাগ-এর আসন সংখ্যা ২৫টি। ভর্তি পরীক্ষার মানবণ্টন হল– গণিত ৫০, পদার্থ ৫০, রসায়ন ২৫, বাংলা, ইংরেজী, সাধারণ জ্ঞান ২৫। ফলিত পুষ্টি ও খাদ্য বিজ্ঞান বিভাগের আসনও ২৫টি। এর লিখিত পরীক্ষায় জীববিদ্যা ৫০, রসায়ন ৫০, পদার্থ/গণিত ২৫ ও ইংরেজী ২৫। বায়োটেকনোলজি বিভাগের আসন সংখ্যা ২৫টি। এ বিভাগের লিখিত পরীক্ষায় জীববিদ্যা ৫০, রসায়ন ৫০, গণিত/পদার্থ ২৫ ও ইংরেজী ২৫। ইবিতে ভর্তিতে লিখিত পরীক্ষার জন্য প্রস্তুতি নিতে হবে। তাই সঙ্গত কারণেই তা ব্যাপক ও তীব্র ভর্তি যুদ্ধ হয়। আর ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি অনুষদের ২টি বিষয় একমাত্র ইবিতেই আছে। দেশের অন্য কোন বিশ্ববিদ্যালয়ে নেই।

❑ মুহাম্মদ শহীদুল্লাহ